

## ২২ ডিসেম্বরেই জকসু নির্বাচন চায় সব প্যানেল



জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২৮ নভেম্বর ২০২৫ | ০৮:০৫ | আপডেট: ২৮ নভেম্বর ২০২৫ | ০৯:৪৫

| প্রিন্ট সংস্করণ



ঘোষিত সময়সূচি অনুযায়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচন আয়োজনের দাবি জানিয়েছে প্রতিদ্বন্দ্বী সব প্যানেল। ভূমিকম্পের পর নির্বাচনী পরিস্থিতি নিয়ে অনিশ্চয়তা দেখা দেওয়ার প্রেক্ষাপটে এ দাবি উঠেছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভাষাশহীদ রফিক ভবনের নিচতলায় দুটি সংবাদ সম্মেলনে এ দাবি তোলে ছাত্রশিবির সমর্থিত অদম্য জবিয়ান ঐক্য প্যানেল এবং ছাত্রদল সমর্থিত ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান প্যানেল। তারা জানায়, ২২ ডিসেম্বর ঘোষিত সময়েই জকসু নির্বাচন অনুষ্ঠিত হওয়া উচিত। এ বিষয়ে নির্বাচন কমিশন যেন দোদুল্যমান অবস্থান না নেয়।

## শিবির সমর্থিত প্যানেলের অভিযোগ

এদিন সংবাদ সম্মেলনে অদম্য জবিয়ান ঐক্য প্যানেলের ভিপি প্রার্থী রিয়াজুল ইসলাম অভিযোগ করেন, কমিশন পক্ষপাতমূলক আচরণ করছে এবং আচরণবিধি লঙ্ঘনের বিষয়গুলোতে সঠিক ব্যবস্থা নিচ্ছে না। তাঁর ভাষ্য, নির্বাচন পিছিয়ে দেওয়ার একটি ‘গোপন উদ্যোগ’ চলছে, যা শিক্ষার্থীরা কোনোভাবে মেনে নেবে না।

তিনি আরও বলেন, ২৩ নভেম্বরের কনসার্টে প্রার্থীদের মধ্যে উঠতে নিষেধাজ্ঞা ছিল। কিন্তু ছাত্রদল সমর্থিত প্যানেলের জিএসসহ কয়েক প্রার্থী বক্তব্য দেন। তারা অনুদান ঘোষণা করেন। রিয়াজুলের অভিযোগ, এটি কমিশনের নির্দেশনার স্পষ্ট লঙ্ঘন। এ ঘটনার পর শুধু দুজনকে কারণ দর্শানোর নোটিশ দিয়ে ১৫ দিনের সময় রাখা হয়েছে। এটা তাঁর মতে ‘ইচ্ছাকৃত শিথিলতা’।

## ছাত্রদল সমর্থিত প্যানেলের বক্তব্য

এদিন বিকেল ৪টার সংবাদ সম্মেলনে ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান প্যানেলের ভিপি প্রার্থী একেএম রাকিব বলেন, ঘোষিত সময় অনুযায়ী ২২ ডিসেম্বর ভোট করতে হবে। নির্বাচনকে শঙ্কার পরিবেশে ঠেলে দিতে ‘প্রশাসনিক হস্তক্ষেপ’ দেখা যাচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

তিনি বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সম্প্রীতির ক্যাম্পাস। এখানে বিভাজন, ঘৃণা বা বিভ্রান্তি ছড়িয়ে কেউ লাভবান হতে পারবে না। সব ধর্ম-বর্ণ-সম্প্রদায়ের শিক্ষার্থীরা যাতে মুক্তভাবে মতপ্রকাশ ও সহাবস্থান করতে পারে, সেই পরিবেশই ক্যাম্পাসে বজায় রাখতে হবে।

## ২২ তারিখ নির্বাচনের জন্য স্মারকলিপি

সঠিক সময়ে নির্বাচন আয়োজনের দাবি জানিয়ে গতকাল নির্বাচন কমিশনের কাছে স্মারকলিপি জমা দিয়েছে শাখা ছাত্র

অধিকার পরিষদ এবং ছাত্রদল সমর্থিত ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান প্যানেল। বিকেলে শহীদ সাজিদ ভবনে অবস্থিত কমিশনের অস্থায়ী কার্যালয়ে গিয়ে তারা স্মারকলিপি হস্তান্তর করে। এ ছাড়া ঘোষিত তারিখে নির্বাচন করার দাবিতে জাতীয় ছাত্রশক্তি সমর্থিত ঐক্যবদ্ধ জবিয়ান, বাম প্রগতিশীলদের মওলানা ভাসানী ব্রিগেড এবং বিভিন্ন স্বতন্ত্র প্রার্থীরাও অবস্থান স্পষ্ট করেছেন।

ঐক্যবদ্ধ জবিয়ান প্যানেলের জিএস পদপ্রার্থী ফয়সাল মুরাদ বলেন, ‘আমরা স্পষ্ট করে জানিয়েছি- নির্বাচন ঘোষিত তারিখে হতে হবে। নির্বাচন নিয়ে টালবাহানা করবেন না।’

এ বিষয়ে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, ‘আমরা নির্বাচন পেছানোর জন্য কোনো ঘোষণা দিইনি। কোথাও এ ধরনের কথা বলিনি। তপশিল অনুযায়ী আমরা প্রস্তুতি নিচ্ছি।’